

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
 ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২  
[www.ddm.gov.bd](http://www.ddm.gov.bd)

স্মারক নং-৫১.০১.০০০০.০১১.১৬.০৭৯.১৬-৬৫৪

তারিখ: ২৩ আগস্ট, ২০১৭ খ্রিঃ

বিষয়ঃ ২০১৬-২০১৭ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় বাস্তবায়িত প্রকল্পের কাজের চূড়ান্ত প্রতিবেদন প্রেরণ প্রসংগে।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ০৪/০৭/২০১৭ খ্রিঃ তারিখের ৫১.০১.০০০০.০১২.১৪.০৯৫.১৫-৯৩৬নং স্মারক।

সূত্রোক্ত স্মারকে ২০১৬-২০১৭ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় প্রকল্পের বাস্তবায়ন কাজ ইতোপূর্বে সমাপ্ত হয়েছে। উক্ত কর্মসূচির আওতায় বাস্তবায়িত প্রকল্পসমূহের কাজের চূড়ান্ত প্রতিবেদন সংযুক্ত ছক মোতাবেক ১৫/০৭/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কাবিখা-১/কাবিখা-২ শাখায় জমা প্রদান এবং প্রতিবেদনের এক কপি অধিদপ্তরের ই-মেইল ঠিকানায় [ddmreport@gmail.com](mailto:ddmreport@gmail.com) প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলেও তাঁর জেলা হতে অদ্যাবধি প্রতিবেদন পাওয়া যায়নি। ফলে মন্ত্রণালয় হতে ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট বরাদ্দ পাওয়া যাচ্ছে না।

২। এমতাবস্থায়, আগামী ১০/০৯/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে বিশেষ বাহক মারফত প্রতিবেদন প্রেরণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

*(স্বাক্ষর)*  
 ২৬/০৮/২০১৭  
 (সৈয়দা মেহেরুন নেছা কবীর)  
 (উপসচিব)  
 উপ পরিচালক (কাবিখা-২)  
 ফোন: ৫৮৮১৫৫৬০

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা

.....।

অনুলিপিঃ

১। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। [তাকে পত্রটি অত্র অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ]